

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৬.২০১৩- ৬৬৭

তারিখঃ ০৮.০৮.২০১৩ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মোজাম্মেল হক (১০১৩৭৭২), মেডিকেল অফিসার (শিশু অন্তর্বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৩০.০৭.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তার অভিযোগনামা, তাঁর মৌখিক ও লিখিত বক্তব্য, প্রাথমিক তদন্ত প্রতিবেদন এবং নথির সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য বলে প্রতীয়মান হয়;

একগুণে, সেহেতু, ডাঃ মোঃ মোজাম্মেল হক (১০১৩৭৭২), মেডিকেল অফিসার (শিশু অন্তর্বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব


উপ পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
বেঙ্গলুরু, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৬.২০১৩- ৬৬৭/০ (১)

তারিখঃ ০৮.০৮.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
- ৪। উপ-সচিব (পার-১/পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ মোঃ মোজাম্মেল হক (১০১৩৭৭২), মেডিকেল অফিসার (শিশু অন্তর্বিভাগ), স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisc1@mohfw.gov.bd